



রোহ/৭০/ /২০২৬

তারিখ: ০৭ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
২০ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

নোটিশ

(২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের অধ্যয়নরত ১ম বর্ষের ছাত্রীদের আবাসিক হওয়ার বিজ্ঞপ্তি)


২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত রোকেয়া হলে সংযুক্ত ছাত্রীদের নিকট হতে হলে আবাসিক (দ্বৈতাবাসিক) হওয়ার জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। উল্লেখ্য যে, আবেদনকৃত ছাত্রীদের মেধাক্ষেত্র অনুসারে, একান্ত বিশেষ প্রয়োজনের ভিত্তিতে এবং সিট খালি থাকা সাপেক্ষে ক্রমান্বয়ে সিট প্রদান করা হবে। ছাত্রীদেরকে আগামী ২০-০৪-২০২৬ ইং তারিখ হতে ০৪-০৫-২০২৬ ইং তারিখের মধ্যে নির্ধারিত আবেদন পত্র এবং আবাসিক হওয়ার ফরম সংগ্রহ করে পূরণকৃত ফরম জমা দিতে হবে। ছাত্রীদের রোকেয়া হলের ওয়েবসাইট (<https://du.ac.bd/hall/HRH>) থেকে আবেদনপত্র এবং ফরম ডাউনলোড করে প্রিন্ট নিয়ে অথবা হল অফিস-১ থেকে সরাসরি ফরম সংগ্রহ করে তা পূরণ করে নিম্নলিখিত কাগজ পত্র ও তথ্যাদি সংযুক্ত করে চামেলী আবাসিক শিক্ষক অফিসে নির্ধারিত ফাইলে জমা দিতে বলা হলো। সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত ছাত্রীদের তালিকা পরবর্তীতে নোটিশের মাধ্যমে জানানো হবে। সাক্ষাৎকারের সম্ভাব্য তারিখ ০৮-০৫-২০২৬ (শুক্রবার) এবং ০৯-০৫-২০২৬ ইং (শনিবার)। উল্লেখ্য যে, সাক্ষাৎকারের সময় বৈধ এবং স্থানীয় অভিভাবককে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

আবেদন পত্র জমাদানের নিয়মাবলী :

১. দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
২. পে-ইন-প্লিপের এবং মেধাক্ষেত্র ও মেধাক্রমের প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি।
৩. এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষার মার্কশীট এবং সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।
৪. দৃষ্টি প্রতিবন্ধি, ক্ষুদ্র-নৃগোষ্ঠী ও বিশেষ যোগ্যতা সম্পন্ন ছাত্রীদের অগ্রাধিকার ভিত্তিতে সিট প্রদান করা হবে।
৫. দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে সিট প্রদান করা হবে।
৬. সহ-শিক্ষায় পুরস্কার থাকলে তাকে অগ্রাধিকার দেয়া হবে। সেজন্য সহ-শিক্ষার সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।
৭. শিক্ষার্থীকে দাপ্তরিক প্যাডে পারিবারিক আয়ের সনদপত্র প্রদান করতে হবে।
৮. স্থানীয় অভিভাবক অবশ্যই বিবাহিত এবং পরিবারসহ ঢাকা শহরে বসবাসকারী হতে হবে।
৯. ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবহন সেবার শেষস্টপেজ পর্যন্ত বসবাসকারী ছাত্রীদের আবাসিক হওয়ার আবেদন গ্রহণযোগ্য হবে না।

HABegum
20-04-2026

অধ্যাপক ড. হোসনে আরা বেগম
প্রভোস্ট, রোকেয়া হল
ঢাকা বিশ্ববিদ্যালয়



অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাসহরণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সকল বিভাগের চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।

আবেদন জমার শেষ তারিখ:

০৪-০৫-২০২৬